

রজনী পোহাইল- চলেছে যাত্রীদল,
 আকাশ পুরিল কলরবে ।
 সবাই যেতেছে মহোৎসবে ॥
 কুসুম ফুটেছে বনে, গাহিছে পাখিগণে-
 এমন প্রভাত কি আর হবে ।
 নিদ্রা আর নাই চোখে, বিমল অরুণালোকে
 জাগিয়া উঠেছে আজি সবে ॥
 চলো গো পিতার ঘরে, সারা বৎসরের তরে
 প্রসাদ-অমৃত ভিক্ষা লবে ॥
 ওই হেরো তাঁর দ্বার জগতের পরিবার
 হোথায় মিলেছে আজি সবে-
 ভাই বন্ধু সবে মিলি করিতেছে কোলাকুলি,
 মাতিয়াছে প্রেমের উৎসবে ॥
 যত চায় তত পায়- হৃদয় পুরিয়া যায়,
 গৃহে ফিরে জয়-জয়-রবে ।
 সবার মিটেছে সাধ- লভিয়াছে আশীর্বাদ,
 সম্বৎসর আনন্দে কাটিবে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Jhaptaal, Raag: Bibhas
 Visit www.geetabitan.com for notation and other detail